দৈনিক সংবাদ

তারিখ 03 JAN 1989
পৃষ্ঠা 3 কলাম 1

128

5

## বেসরকারী শিক্ষক-শিক্ষিকাদের আবেদন

বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষিকাদের চাকরির বয়সসীমা ৬০ বছর থাকলেও শারীরিক ও মানসিকভাবে সচেতন শিক্ষক ও শিক্ষিকাদের সংশ্লিষ্ট বিদ্যালয়ের কর্তৃপক্ষের সুপারিশ ও উপ-পরিচালক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা পরিদপ্তর মহোদয়ের অনুমোদনক্রমে চাকরির কার্যকাল আরও (পর্যায়ক্রমে ২+২+১= ৫ বছর) পাঁচ বছর পর্যন্ত বৃদ্ধি করা হয়ে থাকে। এই সময় তারা সরকারী অনুদান গ্রহণ করতে পারেন না। বিভিন্ন দিক বিবেচনা করে যদি তাদের চাকরির মেয়াদ বৃদ্ধি করা হয় তবে কেন তারা সরকারী অনুদান পাবেন তা চিন্তা করা যায় না।

বেসরকারী মাধ্যমিক শিক্ষক ও শিক্ষিকাগণ ঐ সময়ের জন্য পেনশন, গ্র্যাচুইটি ও অনুদান ভোগ করবার সুযোগ না পাওয়ায় চরম অর্থসংকটের মধ্য দিয়ে পরিবারের ভরণ-পোষণ করে থাকেন। যারা দীর্ঘদিন স্বীয় দায়িত্বে নিয়োজিত থেকে নিষ্ঠার সঙ্গে জাতির সেবা করে থাকেন তারা অবসর গ্রহণ করে জীবনের শেষ দিনগুলো চরম দুর্ভোগ ও অর্থসংকটের মধ্য দিয়ে অতিবাহিত করেন।

চাকরির মেয়াদ বৃদ্ধিকালে চাকরিতে নিয়োজিত বেসরকারী শিক্ষক ও শিক্ষিকাগণ যাতে সরকারী অনুদান ও অন্যান্য সুযোগ-সুবিধা লাভ ও শিক্ষিকাগণ যাতে সরকারী অনুদান, অন্যান্য সুযোগ-সুবিধা লাভ করতে পারেন তার ব্যবস্থা করার জন্য মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের সানুগ্রহ দৃষ্টি আকর্ষণ করছি।

সতীশ চন্দ্র অধিকারী সহকারী প্রধান শিক্ষক, বালিয়া উচ্চ বিদ্যালয়, এবং আবদুল গফুর, সহকারী শিক্ষক, বালিয়া উচ্চ বিদ্যালয়, পোঃ বালিয়া, ঢাকা।